দৈনিক ইনকিলাব

১৭

তারিখ ... ... FEB 14 2000
পৃষ্ঠা ৩ কলাম ৪

# একই পরীক্ষা পাসের ২টি সার্টিফিকেট দিয়ে ২ কলেজে চাকরি ঃ ভাতা উত্তোলন

কামরুজ্জামান কোরবান ঃ একই ব্যক্তি দু'টি প্রতিষ্ঠানে চাকরি করে দুই জায়গা থেকেই আর্থিক সুবিধা নিয়ে রাষ্ট্রীয় অর্থ আত্মসাৎ করছেন বলে অভিযোগ পাওয়া গেছে। তিনি একই প্রতিষ্ঠান থেকে একই পরীক্ষা পাসের দু'টি সার্টিফিকেটের মাধ্যমে এই দু'টি চাকরি করছেন বলেও অভিযোগে উল্লেখ করা হয়।

গতকাল (রবিবার) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভিসিকে দেয়া এক অভিযোগে বলা হয়, মোঃ আশরাফ-উল-ইসলাম নামে এক ব্যক্তি ১৯৮৫ সালের বাংলা বিভাগ থেকে এমএ শেষভাগ পরীক্ষায় তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হওয়ার পর পরের বছর ১৯৮৬ সালে ইমপ্রুভমেন্ট পরীক্ষা দিয়ে অকৃতকার্য হন। অতঃপর তিনি বাংলা বিভাগ এবং পরীক্ষা নিয়ন্ত্রণ দফতরের কর্মকর্তা-কর্মচারীদের যোগসাজশে ১৯৮৭ সালে আবার পরীক্ষা দিয়ে দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হন।

অভিযোগে বলা হয়, তিনি তৃতীয় ও দ্বিতীয় শ্রেণীপ্রাপ্ত উভয় সার্টিফিকেট দিয়ে দু'টি প্রতিষ্ঠানে চাকরি করছেন। একটি হচ্ছে গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ থানাধীন আবদুল জোব্বার ডিগ্রী কলেজের সহকারী অধ্যাপক হিসেবে এবং অন্যদিকে একই জেলার সাদুল্যাপুর থানার জয়েনপুর আদর্শ কলেজের প্রিন্সিপাল হিসেবে। জনাব আশরাফ এই দু'টি প্রতিষ্ঠান থেকেই বেতন-ভাতা নিচ্ছেন বলে অভিযোগ উঠেছে। এদিকে বিশ্ববিদ্যালয়ের বিধান মতে, কোন ব্যক্তি কোন পরীক্ষায় দু'বার ইমপ্রুভমেন্ট পরীক্ষা দিতে পারবেন না বা একই পরীক্ষার দু'টি সার্টিফিকেট রাখতে পারবেন না। জনমনে প্রশ্ন দেখা দিয়েছে যে, পরীক্ষা নিয়ন্ত্রণ দফতর থেকে কিভাবে তিনি দু'টি সার্টিফিকেট হাতিয়ে নিলেন।